# Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 16 April, 2025

লালমনিরহাটের হাতীবান্ধা সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ বাংলাদেশের অভ্যান্তরে প্রবেশ করে হাসিবুল আলম নামে এক যুবককে ধরে নিয়ে গিয়ে চোঁখে গুলি করেছে।এ ঘটনায় সীমান্ত জুড়ে উত্তেজনা বিরাজ করছে।

বুধবার (১৬ এপ্রিল) দুপুরে এ ঘটনাটি ঘটে ওই উপজেলার মধ্য সিঙ্গিমারী সীমান্তের ৮৯৪ নং মেইন পিলালের সাব ৬ এস পিলালের এর কাছে।আহত হাসিবুল আলম (২৪) ওই এলাকার জাহিদুল ইসলামের পুত্র বলে জানা গেছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, হাসিবুলসহ কয়েকজন ওই সীমান্তে বাংলাদেশী জমিতে ঘাস কাটতে যায়।এ সময় ভারতের শীতলকুচি এলাকার নগর সিঙ্গিমারী ক্যাম্পের বিএসএফ'র টহল দল বাংলাদেশের অভ্যান্তরে প্রবেশ করে। ওই টহল দল বাংলাদেশে প্রবেশ করে পিছন থেকে হাসিবুলকে আটক করে ভারতের অভ্যান্তরে নিয়ে যায়।এ সময় তাকে ভারতীয় বিএসএফ'র গাড়িতে তোলার সময় চোঁখে গুলি করে।পরে তাকে কুচবিহারের একটি হাসপাতালে ভর্তি করায় বিএসএফ বলে সীমান্তের একটি সূত্র জানিয়েছেন।

এ বিষয়ে একাধিকবার যোগাযোগ করা হলেও বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) কোন কথা বলতে রাজি হয়নি।তবে নাম না প্রকাশ শর্তে বিজিবির একটি সূত্র জানায়, এ ঘটনাকে কেন্দ্র করে বিজিবি বিএসএফ'র মধ্যে পতাকা বৈঠকের প্রস্তুতি চলছে।

হাতীবান্ধা থানার ওসি মাহামুদুন-নবি জানায়, সীমান্তবর্তী লোকজন তাকে জানিয়েছেন হাসিবুল নামে এক যুবককে ভারতীয় বিএসএফ সীমান্ত থেকে ধরে নিয়ে গিয়ে গুলি করেছে।এ বিষয়ে বিস্তারিত জানার চেষ্টা চলছে।

হাতীবান্ধা সীমান্ত বিএসএফ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:46

URL: https://timestodaybd.com/rangpur/911576164